# রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১

শঠিবাড়ী, রংপুর।

ISO 9001:2015 Certified

## কোটেশনের মাধ্যমে পণ্য সংগ্রহে আদর্শ দরপত্র দলিল

অনুরোধ জ্ঞাপন পদ্ধতি (আরএফকিউ) [অভ্যন্তরীণ ক্রয়]

# ডিজিটাল স্কেল ক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (RFQ)

**দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের স্মারক নং : ২৭.১২.৮৫৫৮.৫১৪.০১.০৩৮.২০২৫.২৭৩৮**

**তারিখ: ২৭.০৫.২০২৫ খ্রিঃ**

**দরপত্র নং-১৯/২০২৪-২০২৫**

**প্রশাসন বিভাগ**

**রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১**

web: www.pbs1.rangpur.gov.bd, E-mail: rangpurpbs1@yahoo.com

ফোন নং- ০১৭৬৯-৪০০০৬৯

ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

# রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
শঠিবাড়ী, রংপুর।

মোবাইলঃ ০১৭৬৯৪০০৭৫৫
ই-মেইলঃ rangpurpbs1@yahoo.com
ওয়েবসাইটঃ www.pbs1.rangpur.gov.bd


স্মারকনং-২৭.১২.৮৫৫৮.৫১৪.০১.০৩৮.২৫.২৭৩৮

তারিখঃ ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ
২৭ মে, ২০২৫ খ্রিঃ

বিষয়ঃ- অত্র পবিসের ওএন্ডএম স্টোরের জন্য একটি ডিজিটাল স্কেল (১ টন-তাইওয়ান/জার্মান) ক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (RFQ) আহবান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র পবিসের ওএন্ডএম স্টোরের জন্য একটি ডিজিটা স্কেল (১টন- তাইওয়ান/জার্মান) ক্রয়ের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট হতে ''আর এফ কিউ (রিকোয়েষ্ট ফর কোটেশন)'' এর মাধ্যমে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

| দরপত্র নং | বিবরণ/স্পেসিফিকেশন | পরিমাণ | একক মূল্য | মোট মূল্য |
|---|---|---|---|---|
| ১৯/ ২০২৪-২০২৫ | CAPACITY : 1 Ton<br>GRADUATION: 500 gm/1kg<br>PLATFORM SIZE : 48″ × 48″<br>Indicator : T-Scale<br>Model: KW/ELW<br>Load Cell: Zemic | 01. Pcs | | |
| | Indicator Stand Original | 01.Pcs | | |

শর্তাবলীঃ

০১। আগ্রহী দরদাতাগন অফিস সময়ে উল্লেখিত ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসের ওয়েবসাইট www.pbs1.rangpur.gov.bd এ দেখতে পারবেন।

০২। দরপত্র আগামী ০৩/০৬/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১১:৩০ ঘটিকার মধ্যে অত্র পবিসের সদর দপ্তর, শঠিবাড়ী এ রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহন করা হবে। দরপত্র সমুহ ঐ দিনই বেলা ১১:৩৫ মিনিটের সময় উপস্থিত দরদাতা/প্রতিনিধিদের সম্মূখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহন করা হবে না।

০৩। প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহর ও স্বাক্ষর সংযুক্ত করে খামে সীল গালা পূর্বক দাখিল করতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহনযোগ্য হবে না। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদপত্র, ভ্যাট রেজিষ্ট্রেশন, ব্যাংক সলভেন্সি সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০৪। দরদাতার উল্লেখিত দরে সকল প্রকার শুল্ক/কর বা অন্যান্য ব্যয় অন্তর্ভূক্ত করে উদ্ধৃত হয়েছে বলে গন্য হবে।

০৫। মালামাল সরবরাহের সময় কোন ক্রুটি দেখা দিলে তা গ্রহণ করা হবে না।

০৬। মালামালের পরিমান কম/বেশী/দরপত্র বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

০৭। মালামাল সরবরাহের পর কমিটি কর্তৃক গুনগতমান প্রত্যয়ন স্বাপেক্ষে দাখিলকৃত বিল হতে সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও ট্যাক্স কর্তন পূর্বক একাউন্টস পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১০। নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সরবরাহের ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১% এর $\frac{১}{১০}$ অংশ হিসেবে জরিমানা কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।

১১। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। কোন প্রকার কাটাকাটি ঘষামাঝা এবং ফ্লুইড ব্যবহার গ্রহণ যোগ্য হবে না। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১২। দরপত্রের সাথে সংযুক্ত সকল দলিলাদিতে দরদাতার সীল মোহর যুক্ত স্বাক্ষর থাকতে হবে।

১৩। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

২৭.৫.২৫

(মুহাম্মদ আশরাফ উদ্দিন খান)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপিঃ- (নোটিশ বোর্ডে বহুল প্রচারের অনুরোধ সহ)।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ), বাপবিবো, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ( বাপবিবোর্ডের ওয়েবসাইডে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, রংপুর।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার........................পবিস-১/২/৩/৪।
০৫। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, রংপুর।
০৬। নির্বাহী প্রকৌশলী, (এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ), রংপুর।
০৭। ডিজিএম (পীরগঞ্জ/পীরগাছা/সুন্দরগঞ্জ/সাদুল্লাপুর)জোনাল অফিস, রপবিস-১।
০৮। এজিএম (ওএন্ডএম),ভেন্ডাবাড়ী/বৈরাতীহাট/বলদীপুকুর/মজুমদারহাট সাব-জোনাল অফিস, রংপুর পবিস-১।
০৮। এজিএম (ইএন্ডসি/সদস্য সেবা/ওএন্ডএম/অর্থ-রাজস্ব/অর্থ-হিসাব), রপবিস-১।
০৯। সহকারী প্রকৌশলী(এসওডি), বাপবিবো, রংপুর (নির্ধারিত সময়ে দরপত্র মূল্যায়নের জন্য উপস্থিত থাকার জন্য)।
১০। এজিএম(আইটি), রংপুর পবিস-১ (ওয়েবসাইডে প্রকাশের জন্য)।
১১। নোটিশ বোর্ড/অফিস কপি/মাষ্টার কপি।

২৭.৫.২৫

(মুহাম্মদ আশরাফ উদ্দিন খান)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

কোটেশন দাখিল পত্র

**[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]**

কোটেশনের স্মারক- ২৭.১২.৮৫৫৮.৫১৪.০১.০৩৮.২৫.২৭৬৮ তারিখঃ ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ। / ২৭ মে, ২০২৫ খ্রিস্টাব্দ

প্রতি

জেনারেল ম্যানেজার
রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
শঠিবাড়ী, রংপুর।

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে অত্র পবিসের ওএন্ডএম স্টোরের জন্য একটি ডিজিটাল স্কেল (১ টন-তাইওয়ান/জার্মান) ক্রয় করার প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা [অংকে এবং কথায় উল্লেখ করুন] আমার/আমাদের কোটেশন কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯(বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ২৭মে/২৫ খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখ

# পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

কোটেশনের স্মারক- ২৭.১২.৮৫৫৮.৫১৪.০১.০৩৮.২৫. ২৭৩৮ তারিখঃ ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ। / ২৭ মে, ২০২৫ খ্রিস্টাব্দ

| ক্রঃ নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পরিমাণ ও মোট ওজন | একক দর/মূল্য | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | অংকে | কথায় | অংকে/কথায় | |
| ১ | ২ | ৩ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ০১ | | CAPACITY : 1 Ton<br>GRADUATION: 500 gm/1kg<br>PLATFORM SIZE : 48″ × 48″<br>Indicator : T-Scale<br>Model: KW/ELW<br>Load Cell: Zemic | 01.Pcs | | | | রংপুর পবিস-১ এর সদর দপ্তরে |
| ০২ | | Indicator Stand Original | 01.Pcs | | | | |

| | | |
|---|---|---|
| সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট **মূল্য**<br>(ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্স সহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন) | অংকে | |
| | কথায় | |

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা | [পণ্যের গন্তব্যস্থান লিখুন করুন] |
| মোট মূল্য টাকায় (কথায়) | [উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য লিখুন।] |
| প্রস্তাবিত সরবরাহ | [সপ্তাহ অথবা দিন উল্লেখ করুন] ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) | [পণ্য সরবরাহ সম্পন্নের তারিখ থেকে সপ্তাহ অথবা দিন লিখুন; প্রযোজ্য না হলে তারিখ বা দিন উল্লেখ করার প্রয়োজন নেই] |

আমি/আমাদের দ্বারা এই মূল্যর তফশীলের **তফশীলে [-----] টি** সংশো**ধন** যথাযথভাবে অনুস্বাক্ষর **করে করা হয়েছে।**
আমার/আমাদের প্রস্তাব দিন/মাস/বছর পর্যন্ত **বৈধ [কোটেশনের বৈধতার তারিখ** লিখুন]

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: দিন/মাস/বছর |
| কোটেশনদাতার নাম | |

**টীকা:**

১। কলাম ১,২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬, ৭ ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

## **আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ**

| **ক্রঃ নম্বর** | **আইটেম নম্বর** | **আইটেমের বিবরণ** | **পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান** | **উৎস দেশের নাম** | তৈরী রং মডেল (make and model) |
|---|---|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৪** | **৫** | **৬** |
| ০১ | প্রযোজ্য নয় | CAPACITY : 1 Ton<br>GRADUATION: 500 gm/1kg<br>PLATFORM SIZE : 48 inch × 48 inch<br>Indicator : T-Scale<br>Model: KW/ELW<br>Load Cell: Zemic | | | |
| ০২ | | Indicator Stand Original | | | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশন**দাতার** স্বাক্ষর | তারিখ: |
| কোটেশন**দাতার** নাম | |

টীকা: ১. কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ কোটেশন**দাতা** পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) **ক্রয়কারী** পূরণ করবে। **ক্রয়কারীর** প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক **দর প্রদানের** জন্য একসেট **সঠিক** এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের **জন্য** পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার **লক্ষ্যে প্রস্তুত করতে হবে** এবং একইসঙ্গে **ক্রয়তব্য** পণ্য ও **সংশ্লিষ্ট** সেবার **কারিগরি দক্ষতা, দ্রব্যাদি** এবং কার্য-**সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ননা** করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত **আইটেম , দ্রব্যাদি** এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং **সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি** মডেলের **হবে। তার** নকশা এবং **দ্রব্যাদিতে** সব সাম্প্রতিক **উৎকর্ষ** সন্বেবেশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জস্যপূণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে । কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরন/প্রচারপত্র (**brochures**) সংযুক্ত করবে।

[ক্রেতার নাম ও ঠিকানা এখানে যুক্ত করুন]

# পণ্য সরবরাহের জন্য ক্রয় আদেশ

[সরবরাহের সংক্ষিপ্ত নাম লিখুন]

ক্রয় আদেশ নম্বর____________ তারিখ: দিন/মাস/বছর

| | |
|---|---|
| কোটেশনের স্মারক- ২৭.১২.৮৫৫৮.৫১৪.০১.০৩৮.২৫.২৭৬৮ | তারিখঃ ২৭ মে, ২০২৫ খ্রিস্টাব্দ |
| প্রতি:<br>[সরবরাহকারীর নাম ও ঠিকানা] | |
| **সরবরাহের** তারিখ: [সম্পাদনের তারিখ উল্লেখ করুন] | **ক্রয়াদেশকৃত** পণ্যের মূল্য: টাকা [চুক্তি মূল্য উল্লেখ করুন] |
| **সরবরাহ** : শর্তানুযায়ী | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার [**তারিখ উল্লেখ করুন**] তারিখের কোটেশন গ্রহণ করেছেন এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহ কারিগরী বিনির্দেশ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্য:<br><br>মুহাম্মদ আশরাফ উদ্দিন খান<br>জেনারেল ম্যানেজার (চঃদাঃ) |
| তারিখঃ |

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ননা মোতাবেক

# পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্নিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয়-আদেশ জারি হওয়ার **১০ (দশ)** দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ক্রটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে । সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা **[অংকে--------------------------] [কথায়ঃ---------------------------------------- ]।**

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ **০১ বছর (১২ মাস )**

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি (warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত ।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| | |
|---|---|
| ক্রেতার জন্য | সরবরাহকারীর জন্য |
| মুহাম্মদ আশরাফ উদ্দিন খান<br>জেনারেল ম্যানেজার (চঃদাঃ) | নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |